# ALL INDIA RADIO, SILCHAR

**************

## EVENING BULLETIN : BENGALI

## Date: - 21-05-2024

## *Time: 19:45-19:55 Hrs*

----------------------------------------

(১) পরবর্তী দুটি পর্যায়ে অনুষ্ঠেয় ভোটগ্রহণের জন্য বিভিন্ন রাজনৈতিক দলের প্রচার তীব্রতর/ প্রধানমন্ত্রী নরেন্দ্র মোদী, কেন্দ্রীয় সরাষ্ট্র মন্ত্রী অমিত শাহ্ সহ মুখ্যমন্ত্রী ডঃ হিমন্তবিশ্ব শর্মার নির্বাচনী প্রচারে অংশগ্রহণ/

(২) আর্ন্তজাতিক চা দিবস উপলক্ষে রাজ্যবাসীকে মুখ্যমন্ত্রী ডঃ হিমন্তবিশ্ব শর্মার শুভেচ্ছা জ্ঞাপন/ রাজ্যের চাশ্রমিকদের কঠোর পরিশ্রমকে স্বীকৃতি দিতে সরকার প্রতিশ্রুতিবদ্ধ বলে মুখ্যমন্ত্রীর প্রকাশ/

(৩) সমগ্র দেশের সঙ্গে আসামেও আজ প্রাক্তন প্রধানমন্ত্রী রাজীব গান্ধীর মৃত্যু বার্ষিকী সন্ত্রাসবাদ বিরোধী দিবস পালিত/

------------------------------------------------------------------------

লোকসভা নির্বাচনের ষষ্ঠ এবং সপ্তম তথা অন্তিম পর্যায়ের ভোটগ্রহণের জন্য রাজনৈতিক দলগুলি ব্যাপক প্রচার অভিযান অব্যাহত রেখেছে ।আগামী ২৫ শে মে এবং পয়লা জুন এই দুটি পর্যায়ে ৫৭ টি আসনের জন্য ভোট গ্রহণ করা হবে ।ইতিমধ্যে ৫ টি পর্যায়ে ৪২৮ টি আসনের জন্য ভোটগ্রহণ সম্পন্ন হয়েছে ।

বিজেপির প্রবীণ নেতা তথা প্রধানমন্ত্রী নরেন্দ্র মোদী আজ বিহারের মতিহারীর গান্ধী ময়দানে এবং মহারাজগঞ্জ লোকসভা আসনের গরিয়াকোঠিতে নির্বাচনী সভায় ভাষণ দেন ।প্রধানমন্ত্রী তাঁর ভাষণে কংগ্রেস দলকে একটি পরিবার কেন্দ্রীক দল বলে অভিহীত করেন । লোকসভা নির্বাচনে জনসাধারণ দূর্ণীতি মামলা এবং ভারত বিরোধি অভিযানে যুক্ত লোকেদের যোগ্য প্রত্যুত্তর দেবে বলে দাবী করেন । বিজেপির জাতীয় সভাপতি জে পি নাড্ডা আজ হরিয়ানার রোহতক ও রাজধানী দিল্লীতে প্রচার চালান ।দলের প্রবীণ নেতা তথা স্বরাষ্ট্র মন্ত্রী অমিত শাহ আজ ওড়িশ্যার সম্বলপুর সহ বেশ কয়েকটি জায়গায় নির্বাচনী সভায় অংশগ্রহণ করেন ।মুখ্যমন্ত্রী ডঃ হিমন্ত বিশ্ব শর্মা আজ মথুরাপুর লোকসভা আসনে নির্বাচনী প্রচার চালান ।

এদিকে কংগ্রেস সভাপতি মল্লিকার্জুন খার্গে আজ হরিয়ানায় নির্বাচনী সভায় অংশগ্রহণ করেন ।শ্রী খারগে আজ চন্ডিগড়ে একটি সাংবাদিক সম্মেলনেও অংশগ্রহণ করে  এন ডি এ সরকার বিগত ১০ বছরে কৃষক এবং সেনা জওয়ানদের বিভিন্ন সুযোগ সুবিধা থেকে বঞ্চিত করেছে বলে অভিযোগ করেন ।

রাজধানী দিল্লীতেও আগামী ২৫ শে মে ষষ্ঠ পর্যায়ে সাতটি লোকসভা আসনের নির্বাচনের জন্য প্রচার তুঙ্গে উঠেছে ।বিজেপি , আম আদমী পার্টী এবং কংগ্রেস দল ভোটদাতাদের মন জয় করার জন্য প্রয়াস চালিয়ে যাচ্ছে দিল্লীর মুখ্যমন্ত্রী অরবিন্দ কেজরিওয়াল আজ উত্তরপূর্ব দিল্লীতে একটি রোড শোয়ে অংশগ্রহণ করেন ।আম আদমী পার্টী এবং কংগ্রেস মূল্যবৃদ্ধি , কর্ম সংস্থান , এবং কেন্দ্রীয় সংস্থাগুলোর অপব্যবহার ইত্যাদি বিষয় নিয়ে এন ডি এ সরকারের সমালোচনা করছে ।বিজেপি সুরা নীতি কেলেঙ্কারী ও অন্যান্য অনিয়মের ঘটনা নিয়ে আম আদমী পার্টীর তীব্র সমালোচনা করছে ।

---

আজ আর্ন্তজাতিক চা দিবস উদযাপন করা হচ্ছে । বিশ্বের বিভিন্ন প্রান্তের মানুষ দৈনন্দিন জীবন সকালের এককাপ চা দিয়েই শুরু করেন । চা দেহ-মনের অবসাদ দূর করে বলে বলা হয়ে থাকে । এবং এরজন্যেই আসাম সহ বিশ্বের বিভিন্ন স্থানের মানুষের জন্য চা সবচেয়ে প্রিয় পানীয় হিসেবে গণ্য হয়ে

আসছে। সাম্প্রতিক কালে সাধারণ চায়ের সঙ্গে সবুজ চা-ও জনপ্রিয়তা অর্জন করেছে । স্বাস্থ্যরক্ষার ক্ষেত্রে এই চায়ের গুরুত্বের বিষয়ে উপলব্ধি করে স্বাস্থ্য সচেতন লোকজনকে এই চা ব্যবহার করতে দেখা গেছে । দুশো বছরের আসামের চা শিল্প রাজ্যের অর্থনৈতিক ভিত মজবুত করার পাশাপাশি কর্ম সংস্কৃতির বিকাশের ক্ষেত্রেও গুরুত্বপূর্ণ ভূমিকা গ্রহণ করে আসছে ।

রাজ্যের বিভিন্ন প্রান্তে আজ এই দিবস উপলক্ষে অনুষ্ঠানেরএ আয়োজন করা হয়েছে । চরাইদেও জেলার এক দম্পতির প্রস্তুত করা সবুজ চাপাতা সম্প্রতি বাজার দখল করতে সমর্থ হয়েছে । ঐ জেলার নিমনাগড় ইকরাণী গ্রামের মমি লাহন এবং কুশ লাহন নামের দম্পতি নিজের বাসগৃহের চৌহদে জৈবিক পদ্ধতিতে সবুজ চাপাতা প্রস্তুত করে স্বাবলম্বী হওয়ার পাশাপাশি বেশকয়েকটি পরিবারের উপার্জনের ক্ষেত্রেও সহায়তা করছেন । এই দম্পতি দৈনিক দশ কিলোগ্রাম শুকনো চাপাতা প্রস্তুত করে দুহাজার টাকা থেকে কুড়ি হাজার টাকা পর্যন্ত দামে বিক্রি করে আসছেন । ২০১৫ সাল থেকে ঐ দম্পতি জৈবিক সার প্রয়োগ করে কুড়ি বিঘা জমিতে ঘরোয়া পদ্ধতিতে সবুজ চাপাতার চাষ করে মাসে লক্ষাধিক টাকা উপার্জন করতে সক্ষম হয়েছেন । তারা নিজেরা স্বাবলম্বী হওয়ার সঙ্গে সঙ্গে ক্ষুদ্র চা চাষীদের জন্যেও আশার সঞ্চার করেছেন ।

এদিকে আসামের মুখ্যমন্ত্রী ডঃ হিমন্তবিশ্ব শর্মা আর্ন্তজাতিক চা দিবস উপলক্ষে দেওয়া এক বার্তায় বলেন যে- আসাম সহ সমগ্র উত্তর পূর্বাঞ্চলের চা বিশ্বের বিভিন্ন প্রান্তে সতেজতা ছড়িয়ে দিতে সক্ষম হয়েছে । নিজের এক্স হ্যান্ডেলে দেওয়া বার্তায় মুখ্যমন্ত্রী বলেন যে- বিশ্বের যেকোনো প্রান্তে গ্রহণ করা সকালের চায়ের কাপে আসামের চা গাছের সুগন্ধি থাকে । তিনি একইসঙ্গে আজ এই দিবস উপলক্ষে চা-বাগানের শ্রমিকদের শ্রমের মূল্য দেওয়া হবে বলে প্রতিশ্রুতি দিয়েছেন ।

---

সমগ্র দেশে আজ সন্ত্রাসাবাদ বিরোধী দিবস পালন করা হয়েছে । ১৯৯১ সালের আজকের ২১শে মে তারিখে এল টি টি ই’র আত্মঘাতী বোমারুর আক্রমণে চেন্নাইয়ের কাছে একটি গ্রামে প্রাণ হারানো প্রাক্তন প্রধানমন্ত্রী রাজীব

গান্ধীর মরত্যু বার্ষিকীর সঙ্গে সঙ্গতি রেখে এই দিবস পালন করা হয় । সমাজ ও রাষ্ট্রের উপর সন্ত্রাসবাদ ও হিংসার নেতিবাচক প্রভাবের বিষয়ে জনসাধারণকে সচেতন করে তোলার উদ্দেশ্যে এই দিবস পালন করা হয়ে থাকে ।

প্রধানমন্ত্রী নরেন্দ্র মোদী প্রাক্তন প্রধানমন্ত্রী প্রয়াত রাজীব গান্ধীর মৃত্যু বার্ষিকীতে তাঁর প্রতি শ্রদ্ধার্ঘ নিবেদন করেছেন । কংগ্রেস সভাপতি মল্লিকার্জুন খার্গে, কংগ্রেস সংসদীয় দলনেত্রী সোনিয়া গান্ধী এবং কংগ্রেসের প্রাক্তন সভাপতি রাহুল গান্ধীও রাজীব গান্ধীর মৃত্যুবার্ষিকী উপলক্ষে নতুনদিল্লির বীরভূমিতে থাকা প্রাক্তন প্রধানমন্ত্রীর সমাধিতে পুষ্পার্ঘ অর্পণ করেছেন । দলের সভাপতি শ্রী খার্গে তার এক্স হ্যান্ডেলে দেওয়া এক বার্তায় বলেন যে- একবিংশ শতাব্দীর আধুনিক ভারতের দূরদর্শী, ভারতীয় তথ্য বিপ্লবের জনক, পঞ্চায়েতীরাজ ব্যবস্থার সরলীকরণের স্থপতি, শান্তি ও সম্বৃদ্ধির পথ প্রদর্শক এই নেতার অবদান সর্বদাই স্মরণীয় হয়ে থাকবে ।

দেশের প্রাক্তন প্রধানমন্ত্রীর মৃত্যুবার্ষিকীর সঙ্গে সঙ্গতি রেখে আজ রাজ্যের বিভিন্ন প্রান্তে শ্রদ্ধাঞ্জলীর আয়োজন করা হয়েছে । আজ গুয়াহাটির রাজীব ভবনে প্রাক্তন প্রধানমন্ত্রীর স্মৃতিতে আসাম প্রদেশ কংগ্রেস কমিটির সভাপতি ভূপেন বরা সহ দলীয় নেতা-কর্মীরা শ্রদ্ধা নিবেদন করেছেন । সংবাদ মাধ্যমের কাছে শ্রী বরা প্রয়াত গান্ধীর উদ্যোগে আসাম আন্দোলনের সমাপ্তি ঘটিয়ে আসাম চুক্তি স্বাক্ষরিত হয়েছিল বলে মন্তব্য করেন । এছাড়াও রাজ্যের বিভিন্ন জেলায় কংগ্রেস কর্মীরা ভাবগম্ভীর পরিবেশে রাজীব গান্ধীর মৃত্যু বর্ষিকী পালন করেছেন ।

------------------------------------------------------------------------

বরাক উপত্যাকার ছাত্রছাত্রীদের স্নাতকস্তরে কলেজে ভর্তির ক্ষেত্রে সি ইউ ই টি পরীক্ষার বাংলা ও পরিবেশ বিজ্ঞানের পরীক্ষা কেন্দ্র বরাক উপত্যাকার বাইরে করার প্রতিবাদে আজ শিলচরে সুশিল সমাজ ও বিভিন্ন সংগঠনের যৌথ উদ্যোগে নাগরিক সভা অনুষ্ঠিত হয়েছে ।আসাম বিশ্ববিদ্যালয়ের প্রাক্তন উপাচার্য ডঃ তপোধীর ভট্টাচার্যের পৌরহিত্যে অনুষ্ঠিত সভায় সর্বসম্মতিক্রমে স্নাতকস্তরে ভর্তি ক্ষেত্রে সি ইউ ইটি পরীক্ষার ফলাফলকে গুরুত্ব না দেওয়ার

প্রস্তাব গ্রহণ করা হয় ।এছাড়া পূর্বে ছাত্রছাত্রীদের কলেজে ভর্তি করার প্রক্রিয়া পুনরবহাল করার দাবীতে একটি স্মারকপত্র আসাম বিশ্ববিদ্যালয়ের উপাচার্য , রাজ্যের শিক্ষামন্ত্রী ও উচ্চশিক্ষা বিভাগের সঞ্চালকের কাছে ই-মেইলের মাধ্যমে প্রেরণ করা হয়েছে বলে সংস্থার পক্ষ থেকে এক প্রেস বিবৃতিতে জানানো হয়েছে ।

---

স্নাতক স্তরে ভর্তি ক্ষেত্রে সি ইউ ই টি পরীক্ষার মাধ্যমে যোগ্যতা নির্ণয় পদ্ধতি বাতিল করা , চন্দ্রনাথপুর লংকা দ্বিতীয় রেলপথ নির্মাণ , মহাসড়কের অসমাপ্ত অংশ এবং বদরপুর - জোয়াই জাতীয় সড়কের সোনাপুর অংশের ভূমিধ্বস সমস্যার সমাধান ইত্যাদির দাবীতে আজ এস ইউ সি আই ( কমিউনিষ্ট) দলের কাসছাড় জেলা কমিটির পক্ষ থেকে শিলচরে ক্ষুদিরাম মূর্তির পাদদেশে বিক্ষোভ কর্মসূচী পালন করা হয় । পরে এ সংক্রান্ত একটি স্মারকপত্র জেলা আয়ুক্ত মারফৎ মুখ্যমন্ত্রীর কাছে প্রেরণ করা হয় ।

এদিকে এ আই ডি এস ও'র কাছাড় জেলা কমিটির পক্ষ থেকে বরাক উপত্যাকার ছাত্রছাত্রীদের স্নাতক স্তরে ভর্তির ক্ষেত্রে সি ইউ ই টি পরীক্ষার ফলাফলকে বিবেচনায় না আনার দাবীতে আসাম বিশ্ববিদ্যালয়ের উপাচার্যের কাছে একটি স্মারকপত্র প্রদান করা হয় ।

---

মুলুক চলো আন্দোলনের ১০৩ তম বর্ষপূর্তী উপলক্ষে আজ রামকৃষ্ণনগর কলেজে এক আলোচনা সভার আয়োজন করা হয় ।সভায় বিভিন্ন বক্তা এই আন্দোলনের প্রেক্ষাপটের ওপর আলোকপাত করে বক্তব্য রাখেন ।উল্লেখ্য চা শ্রমিকদের উপর ব্রিটিশদের অত্যাচারের প্রতিবাদে ১৯২১ সালের ২১ শে মে চা শ্রমিকরা করিমগঞ্জ জেলার চরগোলা থেকে মুলুক চলো আন্দোলনের ডাক দিয়েছিল ।

---

শিলচর পূর্ত বিভাগের স্থানীয় সড়ক সাবডিভিশনের কার্যবাহী বাস্তুকার এক বিজ্ঞপ্তিতে জানিয়েছেন যে মুখ্যমন্ত্রী পাকা সড়ক নির্মাণ প্রকল্পের অধীনে

চার্চরোডে নর্দমা নির্মানের জন্য আজ রাত ৯ টা থেকে আগামীকাল সকাল সাতটা পর্যন্ত ঐ সড়কে সমস্ত ধরণের যানবাহন চলাচল বন্ধ রাখা হয়েছে ।

---------------------------------------------------------------------------

আসাম ক্রিকেট সংস্থার উদ্যোগে আগামীকাল থেকে কনকলতা বরুয়া আন্তঃজেলা ক্রিকেট প্রতিযোগিতা আরম্ভ হচ্ছে । রাজ্যের বেশকয়েকটি দল এই প্রতিযোগিতায় অংশ নিচ্ছে । দলগুলিকে সাতটি ক্লাস্টারে ভাগ করে বিভিন্ন স্থানে খেলার আয়োজন করা হবে । গ্রুপ-এ'র খেলাগুলি ছাড়া বাকি সব খেলা আগামীকাল আরম্ভ হবে । শিলচর, করিমগঞ্জ। হাইলাকান্দি ও হোজাইয়ের দলগুলি নিয়ে তৈরী গ্রুপ-এ'র খেলাগুলি আগামী ২৪ শে মে থেকে করিমগঞ্জে আরম্ভ হবে । এদিকে গ্রুপ বি'র খেলাগুলি গোলাঘাটে অনুষ্ঠিত হবে , এই গ্রুপে যে দলগুলি রয়েছে, সেগুলি হচ্ছে- গোলাঘাট, ডিব্রুগড়, চরাইদেও, শিবসাগর এবং নাহরকটিয়া। বড়পেটায় অনুষ্ঠেয় গ্রুপ-সি'র খেলায় নলবাড়ী, বড়পেটা, তেজপুর, নগাঁও এবং বঙাইগাঁওয়ে অনুষ্ঠেয় গ্রুপ-ডি'র খেলায় বঙাইগাঁও, গোয়ালপাড়া, ধুবড়ি ও বিশ্বনাথ জেলা অংশ নেবে । মোট সাতটি গ্রুপে সাতটি স্থানে এই প্রতিযোগিতা অনুষ্ঠিত হবে ।

---------------------------------------------------------------------------